

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।
Web: mcpmp.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.০৫.০৮৮.২০.১৫১

তারিখ: ১২/০৭/২০২৩ খ্রিঃ।

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্প কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের বিভিন্ন কর্ম অঙ্গের ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো।

ক) সদস্য ভর্তি: উপজেলা ভিত্তিক প্রকল্পের ক্রমপঞ্জিত লক্ষ্যমাত্রা ১০৫৫ জন। যে সকল উপজেলায় ১০৫৫ জনের কম সদস্য ভর্তি হয়েছে; সে সকল উপজেলায় উক্ত কম সংখ্যক সদস্য ভর্তিই চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা হবে।


খ) সঞ্চয় আদায়: উপজেলা ভিত্তিক প্রকল্পের ক্রমপঞ্জিত লক্ষ্যমাত্রা ১২.৬৬ লক্ষ টাকা। যে সকল উপজেলায় ১২.৬৬ লক্ষ টাকা বা তার অধিক পরিমাণ সঞ্চয় আদায় হয়েছে; সে সকল উপজেলায় স্থানীয়ভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। অপরদিকে যে সকল উপজেলায় ১২.৬৬ লক্ষ টাকার কম সঞ্চয় জমা হয়েছে; সে সকল উপজেলায় কমপক্ষে উক্ত কম পরিমাণই হবে চলতি অর্থবছরের সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা।

গ) ঋণ বিতরণ: উপজেলা ভিত্তিক প্রাপ্ত সমুদয় ঋণ তহবিলই ২০২৩-২০২৪ অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা হবে।

ঘ) ঋণ আদায়: চলতি অর্থবছরে যে পরিমাণ ঋণ আদায়যোগ্য হবে; সে পরিমাণ ঋণ আদায়ই হবে চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা।

ঙ) প্রশিক্ষণ: উপজেলা ভিত্তিক চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ৪০ জন।

উপরোল্লিখিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।



মোঃ আব্দুর রশিদ খান

উপপ্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫০১২০৩৪

ই-মেইল: dpdmcpmp@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা:.....(প্রকল্পভূক্ত ২৫৬ উপজেলা)

জেলা:.....।

অনুলিপি:

১। উপপরিচালক(সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা:.....।

২। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, উপঅঞ্চল:

৪। অফিস নথি।